অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/25/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অর্থনৈতিক বিকাশ পুরস্কার ঘোষণা করলেন যা 508 মিলিয়ন মার্কিন ডলারের বেশি মূলধন বিনিয়োগ নিয়ে আসবে

NYPA ট্রাস্টি বোর্ড জিনেসি কাউন্টির প্লাগ পাওয়ারকে অর্থনৈতিক বিকাশ পুরস্কার প্রদান অনুমোদিত করলেন যা নিউ ইয়র্ক স্টেটের পরিচ্ছন্ন হাইড্রোজেন বিকাশকে জোরদার করবে

স্বল্প খরচে জলবিদ্যুৎ প্রদান নায়াগ্রা ফলসে 160টি চাকরি তৈরি করবে

অর্থনৈতিক বিকাশ পুরস্কার নর্থ কান্ট্রিতে 16 মিলিয়ন মার্কিন ডলার বেসরকারি মূলধন বিনিয়োগ উদ্দীপিত করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority, NYPA) ট্রাস্টি বোর্ড তিনটি ফার্মকে অর্থনৈতিক বিকাশ পুরস্কার প্রদানের অনুমোদন দিয়েছে যা 508 মিলিয়ন মার্কিন ডলারের বেশি মূলধন বিনিয়োগ নিয়ে আসবে এবং 205টি চাকরি তৈরি করবে। অনুমোদিত আইটেমসমূহের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেটে সদর দপ্তর থাকা হাইড্রোজেন জ্বালানি কোষ প্রস্তুতকারক, প্লাগ পাওয়ারকে (Plug Power) এর জিনেসি কাউন্টি সাইটকে আরো বিকশিত করার জন্য স্বল্প খরচে জলবিদ্যুৎ বরাদ্দ। অনুমোদিত আইটেমসমূহের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেটে সদর দপ্তর থাকা হাইড্রোজেন জ্বালানি কোষ প্রস্তুতকারক, প্লাগ পাওয়ারকে (Plug Power) এর জিনেসি কাউন্টি সাইটকে আরো বিকশিত করার জন্য স্বল্প খরচে জলবিদ্যুৎ বরাদ্দ।

"নিউ ইয়র্কের বর্ধনশীল পরিচ্ছন্ন শক্তি অবকাঠামো এবং স্থানীয় অর্থনৈতিক ভিএক্স হাতে হাত মিলিয়ে চলছে," **গভর্নর হোকল বলেন।** "আজকে NYPA ট্রাস্টি বোর্ড যেই আইটেমসমূহের অনুমোদন দিয়েছে তা ভালো বেতনের চাকরি তৈরি করবে এবং ওয়েস্টার্ন ও নর্দার্ন নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহে কয়েকশত মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ নিয়ে আসবে।"

আজকের বৈঠকে, NYPA বোর্ড জিনেসি কাউন্টির বিজ্ঞান, প্রযুক্তি ও আধুনিক প্রস্তুতকারক পার্কে (Science, Technology & Advanced Manufacturing Park, STAMP) অবস্থিত প্লাগ পাওয়ারকে 50 মেগাওয়াট স্বল্প খরচের নায়াগ্রা জলবিদ্যুৎ বরাদ্দ করার অনুমোদন দিয়েছে, যা ফার্মটির 387 মিলিয়ন মার্কিন ডলারের সবুজ হাইড্রোজেন জ্বালানি উৎপাদন সম্প্রসারণ

প্রকল্পকে সমর্থন করবে যার ফলে এই অবস্থানে 19টি বাড়তি চাকরি তৈরি হবে। 2021 সালে গভর্নর হোকলের ঘোষিত সাইটে ফার্মটির 290 মিলিয়ন মার্কিন ডলারের সবুজ হাইড্রোজেন জ্বালানি উৎপাদন ফ্যাসিলিটির নির্মাণকাজ চলছে। সম্প্রসারণ প্রকল্পটি পরিকল্পিত হাইড্রোজেন উৎপাদনের ধারণক্ষমতাকে দিনে আনুমানিক 45 টন থেকে দিনে 74 টনে বর্ধিত করবে। NYPA বোর্ড এছাড়াও বাড়তি 62 মেগাওয়াট হাই লোড ফ্যাক্টর বিদ্যুতের অনুমোদন দিয়েছে যা NYPA প্লাগ পাওয়ারের জন্য শক্তি বাজার থেকে সংগ্রহ করবে।

বিদ্যুৎ কর্তৃপক্ষ অন্য তিনটি অবস্থানে প্লাগ পাওয়ারকে সমর্থন করে: জানুয়ারি মাসে নির্মাণকাজ শেষ হওয়া স্লিঙ্গারল্যান্ডস, লাথাম, এবং ওয়েস্ট হেনরিয়েটা। NYPA মোট 272 মেগাওয়াট স্বল্প খরচের বিদ্যুৎসহ প্লাগ পাওয়ারকে সমর্থন করে, যা স্টেটজুড়ে 2,100 এর বেশি চাকরিকে সমর্থন করছে।

NYPA ট্রাস্টি বোর্ড এছাড়াও গ্রিড স্কেলের ব্যাটারি সিস্টেম প্রস্তুতের ক্ষেত্রে ব্যবহার করার জন্য ইলেক্ট্রোপ্লেটিং সেবা প্রদানকারী নায়াগ্রা ফলসভিত্তিক কোম্পানি এনারপ্লেটের জন্য স্বল্প খরচের নায়াগ্রা জলবিদ্যুতের একটি 16 মেগাওয়াট বরাদ্দ প্রদান করেছে। ফার্মটি এর সম্প্রতি ক্রয়কৃত 90,000 বর্গফুটের ফ্যাসিলিটির সংস্কার করতে এবং ইলেক্ট্রোপ্লেটিংয়ের সরঞ্জাম ক্রয় করতে 105 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করবে, ইলেক্ট্রোপ্লেটিং হলো বৈদ্যুতিক পরিবাহিতার মতো বৈশিষ্ট্য জোরদার করতে সাবস্ট্রেট বা তামা বা টাংস্টেনের মতো মৌলিক উপাদানের উপর একটি ধাতব প্রলেপ যুক্ত করার প্রক্রিয়া। উন্নত উপাদানগুলি পরিচ্ছন্ন উৎস যেমন সৌর ও বায়ু থেকে শক্তি স্টোরেজের মতো বিশেষ ক্ষেত্রে ব্যাটারি উৎপাদনে ব্যবহার করা হয়। এনারপ্লেটের সম্প্রসারণের ফলে নায়াগ্রা ফলস এলাকায় 160টি কর্মসংস্থান সৃষ্টি হবে।

উভয় প্রকল্প স্টেটের নিম্ন ও কার্বনমুক্ত পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরকে সমর্থন করবে, জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার আইনের (Climate Leadership and Community Protection Act, CLCPA) লক্ষ্য, যা হলো 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা, তা অগ্রসর করবে, এবং 2020 সালে NYPA বোর্ড কর্তৃক অনুমোদিত সবুজ কর্মসংস্থান মূল্যায়ন প্রণোদনা পরিকল্পনার অধীনে বিদ্যুৎ কর্তৃপক্ষ এগুলিকে বিবেচনা করেছে। পরিকল্পনাটি NYPA বিদ্যুতের আবেদনপত্র যাচাইয়ের ক্ষেত্রে সবুজ কর্মসংস্থানের প্রভাবকে বিবেচনা করতে দেয়।

NYPA বোর্ড এছাড়াও CWT এর জন্য 320 কিলোওয়াট স্বল্প খরচের সেইন্ট লরেন্স জলবিদ্যুৎ অনুমোদিত করেছে, যা ওয়াটারটাউনে একটি নতুন ডিম হ্যাচারি গঠন করছে। মুরগির বাচ্চার জন্য বাড়তি একটি পণ্য লাইন সমর্থন করার জন্য ফার্মটি একটি 47,000 বর্গফুটের হ্যাচারি নির্মাণের জন্য 16 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। সম্প্রসারণ প্রকল্পটি CWT কে এর কানাডিয়ান ও উত্তরপূর্বের মার্কিন গ্রাহকদের সেবাদানের সাহায্য করবে এবং নর্থ কান্ট্রিতে 26টি কর্মসংস্থান তৈরি করবে।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন, "CWT এ অনুমোদিত বিদ্যুৎ বরাদ্দ নিউ ইয়র্কের কৃষি খাতকে বলীয়ান করবে, 26টি চাকরি তৈরি করবে, এবং ওয়াটারটাউনে 16 মিলিয়ন মার্কিন ডলার বেসরকারি বিনিয়োগকে উদ্দীপিত করবে। জলবিদ্যুতকে ব্যবহার করে, সেই লরেন্স-FDR পাওয়ার প্রকল্পটি নর্থ

কান্ট্রিজুড়ে সম্প্রদায়সমূহের অর্থনৈতিক বিকাশ চালনার ক্ষেত্রে একটি প্রধান চালক হয়ে আছে।"

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের সভাপতি এবং বাফেলোর বাসিন্দা জন আর. কোয়েলমেল বলেন, "নায়াগ্রা জলবিদ্যুৎকে ব্যবহার করে, বিদ্যুৎ কর্তৃপক্ষ ওয়েস্টার্ন নিউ ইয়র্কে বড় আকারের সম্প্রদায়ের বিনিয়োগকে এবং কর্মসংস্থানের বিকাশকে উদ্দীপিত করছে। প্লাগ পাওয়ার এবং এনারপ্লেটকে আজকে যেই জলবিদ্যুৎ বরাদ্দ দেওয়া হয়েছে তা এই ফার্মগুলিকে অত্যাধুনিক পরিচ্ছন্ন শক্তি সমাধানে সমর্থন করবে, স্টেটের দেশসেরা জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি এজেন্ডাকে অগ্রসর করবে।"

স্টেটের সিনেটর ও সিনেটের শক্তি ও টেলিযোগাযোগ কমিটির (Senate Energy and Telecommunications Committee) সভাপতি কেভিন পার্কার বলেন, "নিউ ইয়র্কের অর্থনীতি ফেরত আসছে, এবং এইসব অর্থনৈতিক বিকাশ বিনিয়োগ হলো সেই অগ্রগতির একটি পরিষ্কার নিদর্শন। আমি খুশি যে এই বিনিয়োগগুলি শুধু আমাদের সম্প্রদায়সমূহে নতুন চাকরি ও অর্থনৈতিক বিকাশ আনবে না, বরং এটি নবায়নযোগ্য শক্তি, সাশ্রয়ী আবাসন, এবং কর্মীবাহিনী বিকাশের মতো গুরুত্বপূর্ণ উদ্যোগ অগ্রসর করতেও সাহায্য করবে। আগামী বছরগুলিতে আমাদের স্টেটের অর্থনীতিতে এই প্রকল্পসমূহের ইতিবাচক প্রভাব দেখার জন্য আমি উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য এবং শক্তি কমিটির (Energy Committee) সভাপতি ডিডি ব্যারেট বলেন, "ডিকার্বোনাইজেশন কীভাবে অর্থনৈতিক বিকাশের সূচনা করতে পারে এবং কীভাবে স্টেটে নতুন ব্যবসা ও শক্তি প্রযুক্তি আকৃষ্ট করার পাশাপাশি আমরা আমাদের CLCPA লক্ষ্যে পৌঁছাতে পারি তা প্রদর্শনে নিউ ইয়র্ক স্টেট শীর্ষে রয়েছে। প্লাগ পাওয়ারের সবুজ হাইড্রোজেন জ্বালানি উৎপাদন সম্প্রসারণ প্রকল্পে, এনারপ্লেটের গ্রিডস্কেল ব্যাটারি সিস্টেম উৎপাদনে, এবং CWT এর ডিম হ্যাচারিতে স্বল্প খরচে বিদ্যুৎ প্রদানের আজকের ঘোষণা এইসব দ্রুত বিবর্তনশীল প্রযুক্তির জন্য অতি গুরুত্বপূর্ণ সমর্থন প্রদান করবে এবং একইসাথে আমাদের সবুজ শক্তি খাতে ভালো বেতনের চাকরি তৈরি করবে।"

বিদ্যুৎ কর্তৃপক্ষের নায়াগ্রা পাওয়ার প্রকল্পের 30 মাইল ব্যাসার্ধের মধ্যে বা শ্যাটাকোয়া কাউন্টির ব্যবসাসমূহের জন্য স্বল্প খরচের নায়াগ্রা জলবিদ্যুৎ উপলভ্য আছে।

প্রিজার্ভেশন পাওয়ার সেইন্ট লরেন্স ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্ট পাওয়ার প্রকল্পে উৎপাদিত 490 মেগাওয়াট প্রতিযোগিতামূলক দরে পাওয়া জলবিদ্যুৎ দ্বারা গঠিত হয়েছে, এই বিদ্যুৎ নিউ ইয়র্ক স্টেটের ফ্র্যাঙ্কলিন, জেফার্সন এবং সেই লরেন্সে অবস্থিত যোগ্য ব্যবসাসমূহের জন্য বরাদ্দ করা যায়।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা একটি সুশৃঙ্খল ও ন্যায্য পরিবর্তনের দাবি জানায় যেটি পরিবার চালানোর উপযোগী কর্মসংস্থান তৈরি করবে, সব খাতে সবুজ অর্থনীতি লালন করা অব্যাহত রাখবে এবং নির্মল জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর

কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দির মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.8 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো এবং অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি সমর্থন করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভ (community air monitoring initiative)-এর মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

NYPA সম্পর্কে
NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA বন্ড বিক্রির মাধ্যমে এবং বিদ্যুতের বিক্রয়ের মাধ্যমে বৃহৎ অংশে অর্জিত আয় দ্বারা তার ক্রিয়াকলাপে অর্থায়ন করে। আরো তথ্যের জন্য ভিজিট করুন www.nypa.gov এবং আমাদেরকে অনুসরণ করুন Twitter, Facebook, Instagram, Tumblr ও LinkedIn-এ।

###